

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/23/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**ইসলামবার্গ মুসলিম সমিতির বিরুদ্ধে বানচাল হওয়া সন্ত্রাসী হামলার পর ডেলওয়ার কাউন্টিতে
টহল বাড়ানোর জন্য গভর্নর কুওমো স্টেট পুলিশকে নির্দেশ দিয়েছেন**

**গভর্নর কুওমো এছাড়াও পুলিশের প্রতিহিংসামূলক অপরাধ ইউনিটকে ডেলওয়ার কাউন্টিতে
মুসলিম সম্প্রদায়ের বিরুদ্ধে ষড়যন্ত্র তদন্তে সাহায্য করতেও নির্দেশ দিয়েছেন**

"আমি স্বস্তি পেয়েছি এবং কৃতজ্ঞ যে গ্রিস, নিউ ইয়র্ক এর আইন প্রয়োগকারী ডেলওয়ার কাউন্টিতে ইসলামবার্গ মুসলিম সম্প্রদায়ের বিরুদ্ধে সহিংসতা ও ঘৃণার ভয়ঙ্কর এবং অনর্থক যে কাজটি হতে পারত তা প্রতিরোধ করেছে। আমি কর্তৃপক্ষকে অভিনন্দন জানাই যারা এই হামলা বানচাল করেছিল এবং ছাত্রদের যারা সাহসীভাবে পুলিশের সাথে বিপদসংকেত উত্থাপন করেছিল এবং সম্ভাব্য জীবন বাঁচিয়েছিল।

সতর্কতার পরিমাণ বাড়াতে, আমি এলাকা পুলিশকে টহল বৃদ্ধি করার নির্দেশ দিচ্ছি। আমি স্টেট পুলিশের প্রতিহিংসামূলক অপরাধ ইউনিটকে (State Police Hate Crimes Unit) প্রচারপত্রের ব্যাপারে তদন্তে সহযোগিতা করার নির্দেশ দিচ্ছি।

এই বানচাল হওয়া সন্ত্রাসী হামলা আমাদের নিউ ইয়র্কে আমরা যা কিছু বিশ্বাস করি তার বিপরীত। যদিও ওয়াশিংটনে যারা আছে তারা বিভাজন এবং ইসলামভীতির আগুনে ঘি ঢেলে যাচ্ছেন, এমন ঘৃণার জন্য আমাদের স্টেটে কোন জায়গা নেই। নিউ ইয়র্কে আমরা মুসলমান সম্প্রদায়ের সাথে দাঁড়িয়ে আছি এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সর্বোচ্চ শক্তি দিয়ে আমরা এই পরিকল্পিত চক্রান্তের পিছনে যারা কাজ করছে তাদের দমিয়ে রাখব।"

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)